# সাম্প্রতিক সময়ের চলমান কর্মকাণ্ড

বর্তমানে অত্র বিভাগের আওতাধীন (১) সুনামগঞ্জ-মদনপুর-দিরাই-শাল্লা-জলসুখা-আজমিরিগঞ্জ-হবিগঞ্জ মহাসড়কের শাল্লা-জলসুখা সড়কাংশ নির্মাণ প্রকল্পের আওতায় ১৫.৮০ কিঃমিঃ নতুন সড়ক নির্মাণ কাজ (সুনামগঞ্জ সড়ক বিভাগ ও হবিগঞ্জ সড়ক বিভাগ সম্মিলিত ভাবে প্রকল্পটি বাস্তবায়ন করছে), ১১টি সেতু (১৭৪৭.৯৩ মিঃ, স্টীল ট্রাসসহ)) নির্মাণ এবং ৪২টি কালভার্ট (৪৯০.৮০ মিঃ) নির্মাণ, টোলপ্লাজা নির্মাণসহ অন্যান্য কাজ করা হবে যা বর্তমানে চলমান রয়েছে। (২) মদনপুর-দিরাই-শাল্লা-জলসুখা-আজমিরিগঞ্জ জেলা মহাসড়ক (জেড-২৮০৭) এর দিরাই-শাল্লা অংশ পুনঃনির্মাণ প্রকল্পের আওতায় ২২.৭৩ কিঃমিঃ সড়ক পুনঃনির্মাণ, ১২টি সেতু (৭১৪.০৮মিঃ)নির্মাণ, ০৫টি কালভার্ট (৬০.০০মিঃ)নির্মাণ, ১০টি সাব-মার্জিবল কালভার্ট (২০.০০মিঃ) নির্মাণসহ অন্যান্য কাজ করা হবে যা বর্তমানে চলমান রয়েছে। (৩) ২০২২ সালের বন্যায় ক্ষতিগ্রস্থ সুনামগঞ্জ ও হবিগঞ্জ সড়ক বিভাগাধীন বিভিন্ন সড়ক, সেতু ও কালভার্ট সমূহের জরুরী পুনর্বাসন ও পুনঃনির্মাণ প্রকল্পের আওতায় ৯৫.৯৬ কিঃমিঃ সড়ক পুনঃনির্মাণ/মজবুতিকরণ কাজ (সুনামগঞ্জ সড়ক বিভাগ ও হবিগঞ্জ সড়ক বিভাগ সম্মিলিত ভাবে প্রকল্পটি বাস্তবায়ন করছে), ৬টি সেতু (৮১০.২১২ মিঃ) নির্মাণ, ১৮টি কালভার্ট (১৫০ মিঃ) নির্মাণসহ অন্যান্য কাজ করা হবে যা বর্তমানে চলমান রয়েছে। এছাড়া পিএমপি মেজর-সেতু নির্মাণ প্রকল্পের আওতায় (১) সিলেট-সুনামগঞ্জ সড়কের ৫০তম কিঃমিঃ-এ ১৪১.৬০ মিটার (সদরপুর) দৃষ্টিনন্দন স্টীল আর্চ সেতু নির্মাণ (২) সুনামগঞ্জ-কাঁচিরগাতি-বিশ্বম্ভরপুর সড়েকর ১২তম কিঃমিঃ-এ ২৮.৭৮ মিটার (পলাশ-২) সেতু নির্মাণ (৩) সুনামগঞ্জ-কাঁচিরগাতি-বিশ্বম্ভরপুর সড়েকর ১৬তম কিঃমিঃ-এ ২৮.৭৮ মিটার (মুক্তিরখলা-২) সেতু নির্মাণ কাজ চলমান রয়েছে এবং পিএমপি মেজর-সড়ক নির্মাণ প্রকল্পের আওতায় (১) সিলেট-সুনামগঞ্জ সড়কের ৫০তম কিঃমিঃ-এ ৩০০.০০ মিঃ সড়ক পুনঃনির্মাণ এবং উক্ত সড়কের ৪৬তম কিঃমিঃ (ডাবর) হতে ৫০তম (শান্তিগঞ্জ) ও ৫২তম কিঃমিঃ (জয়কলস) হতে ৬৪তম (অং) (হাসনরাজা তোরণ) পর্যন্ত সড়ক পুনঃনির্মাণ কাজ চলমান রয়েছে।

## সুনামগঞ্জ সড়ক বিভাগের আওতাধীন চলমান প্রকল্প সমূহ

| ক্র নং | সড়কের নাম | সড়কের শ্রেণী | নির্মানাধীন সড়কের দৈর্ঘ্য | প্রকল্প বাস্তবায়নকারী সড়ক বিভাগ |
|---|---|---|---|---|
| ০১। | সুনামগঞ্জ-মদনপুর-দিরাই-শাল্লা-জলসুখা-আজমিরিগঞ্জ-হবিগঞ্জ মহাসড়কের শাল্লা-জলসুখা সড়কাংশ নির্মাণ প্রকল্প। | জেলা মহাসড়ক | ১৫.৮০ কিঃমিঃ | সুনামগঞ্জ সড়ক বিভাগ ও হবিগঞ্জ সড়ক বিভাগ প্রকল্পটি বাস্তবায়ন করছে। |
| ০২। | মদনপুর-দিরাই-শাল্লা-জলসুখা-আজমিরিগঞ্জ জেলা মহাসড়ক এর দিরাই-শাল্লা অংশ পুনঃনির্মাণ প্রকল্প। | জেলা মহাসড়ক | ২২.৭৩ কিঃ মিঃ | সুনামগঞ্জ সড়ক বিভাগ প্রকল্পটি বাস্তবায়ন করছে। |
| ০৩। | ২০২২ সালের বন্যায় ক্ষতিগ্রস্থ সুনামগঞ্জ ও হবিগঞ্জ সড়ক বিভাগাধীন বিভিন্ন সড়ক, সেতু ও কালভার্ট সমূহের জরুরী পুনর্বাসন ও পুনঃনির্মাণ প্রকল্প। | আঞ্চলিক মহাসড়ক ও জেলা সড়ক | ৯৫.৪৩ কিঃমিঃ | সুনামগঞ্জ সড়ক বিভাগ ও হবিগঞ্জ সড়ক বিভাগ প্রকল্পটি বাস্তবায়ন করছে। |